

ডিপ্লোমা প্রকৌশল শিক্ষার কোর্স ৪ বছর থেকে কমিয়ে ৩ বছর করার কথা বলেছেন শিক্ষামন্ত্রী দীপু মনি। তার এ বক্তব্যকে স্বাগত জানিয়েছে বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের উদ্যোক্তাদের সংগঠন টেকনিক্যাল এডুকেশন কনসোর্টিয়াম অব বাংলাদেশ (টেকবিডি)। গতকাল শনিবার গণমাধ্যমে পাঠানো এক যৌথ বিবৃতিতে সংগঠনের সভাপতি প্রকৌশলী আবদুল আজিজ ও সাধারণ সম্পাদক প্রকৌশলী ইমরান চৌধুরী শিক্ষামন্ত্রীর এই বক্তব্যের প্রতি সন্তোষ প্রকাশ করেন।

এর আগে জাতীয় প্রেসক্লাবে এক অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, যারা কারিগরি প্রতিষ্ঠান চালান তাদের জন্য হয়তো ডিপ্লোমা কোর্স চার বছর হলে সুবিধা হয়। কিন্তু যে পড়া তিন বছরে পড়ানো সম্ভব, তা টেনে চার বছরে নিলে বাবা-মায়ের বাড়তি খরচ হয়। তাই আমরা মনে করি, ডিপ্লোমা কোর্স তিন বছর হওয়া উচিত।

advertisement

বিবৃতিতে বলা হয়, পৃথিবীর কোথাও বর্তমানে চার বছরের ডিপ্লোমা কোর্স নেই। বর্তমানে চার বছরের ডিপ্লোমা লেখাপড়া করে একজন শিক্ষার্থী উচ্চ মাধ্যমিকের সমান মর্যাদা পাচ্ছে। আবার কেউ যদি স্নাতক হতে চায়, তা হলে তাকে আরও চার বছর পড়তে হচ্ছে। প্রকৌশল শিক্ষায় আগ্রহীরা দেখছে যে এর পরিবর্তে সাধারণ শিক্ষায় গেলে উচ্চ মাধ্যমিকসহ ছয় বছরে বিএসসি ইঞ্জিনিয়ার হওয়া যায়। পাশাপাশি আরেক বছর ব্যয় করলে মাস্টার্স ডিগ্রিও অর্জন করা যায়। এই প্রক্রিয়ায় সাত বছর যাওয়ার পরও একটি বছর বেঁচে যায়। পাশাপাশি অর্থের সাশ্রয়ও হচ্ছে। তাই সরকার এই সিদ্ধান্ত নিলে দেশের সব পলিটেকনিক ইনস্টিটিউট শিক্ষামন্ত্রীর সঙ্গে থাকবে।